গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০০৬/৭৮৭৭ তারিখঃ ০২/১০/২০২৩খ্রি.

প্রতি,

প্রকল্প পরিচালক
-------------------------------------
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

বিষয়ঃ **আউট সোর্সিং এর মাধ্যমে ক্রয়কৃত সেবাকে 'ভৌত সেবা' হিসাবে গণ্য করা এবং আদর্শ দরপত্র দলিল (PSN) ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০১/০৮/২০১৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইনের ক্রমিক নং-২(গ) অনুযায়ী আউট সোর্সিং এর মাধ্যমে ক্রয়কারী কর্তৃক সেবা গ্রহণকে "ভৌত সেবা"র অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া Non-Consulting Services (যার মধ্যে আউট সোর্সিং অন্তর্ভূক্ত রয়েছে) সেবা গ্রহণের লক্ষ্যে ক্রয় প্রক্রিয়ায় ব্যবহারের জন্য সিপিটিইউ কর্তৃক আদর্শ দরপত্র দলিল [PSN-Standard Tender Document (National) for Procurement of Non-Consulting Services (Open Tendering Method)] প্রস্তুত হয়েছে; যার সফট কপি সিপিটিইউ এর ওয়েবসাইটে (Web Address: www.cptu.gov.bd/RFP.ASPX) প্রকাশ করা হয়েছে। সর্বশেষ সংশোধিত পিপিআর'২০০৬ এর এ সংক্রান্ত গেজেটের কপি www.dpp.gov.bd/bgpress এই Web Address এ পাওয়া যাবে।

ইতোপূর্বে আউট সোর্সিং সেবার ক্ষেত্রে কোন স্পষ্টীকরণ না থাকায় এলজিইডি'তে আউট সোর্সিং সেবা গ্রহণের উদ্দেশ্যে ক্রয় প্রক্রিয়া অনুসরণে "বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা"র জন্য অনুসরণীয় ক্রয় প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছিল। বর্তমানে এ বিষয়ে স্পষ্টীকরণ হওয়ায় এলজিইডি'র সকল আউট সোর্সিং সংক্রান্ত সেবা গ্রহণের ক্ষেত্রে এখন হতে "ভৌত সেবা" সংক্রান্ত ক্রয় প্রক্রিয়া অনুসরণ ও এ সংক্রান্ত প্রকাশিত আদর্শ দরপত্র দলিল (PSN) ব্যবহার করার জন্য নির্দেশ দেওয়া হলো।

02/10/2023

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc